

যঙ্গফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৭৭২

১/ বিবিধ

আরবী

يَا ابْنَ عُوفٍ! إِنَّكَ مِنَ الْأَغْنِيَاءِ، وَلَنْ تَدْخُلَ الْجَنَّةَ إِلَّا زَحْفًا، فَأَقْرَضَ اللَّهُ يَطْلُقُ قَدْمِيكَ.
قَالَ: فَمَا أَقْرَضَ اللَّهُ؟ قَالَ: تَبَرَّأُ مِمَّا أَنْتَ فِيهِ، قَالَ: يَا رَسُولَ اللَّهِ! مَنْ كَلَّهُ أَجْمَعُ؟ قَالَ:
نَعَمْ. فَخَرَجَ ابْنُ عُوفٍ وَهُوَ يَهْمُ بِذَلِكَ، فَأَرْسَلَ إِلَيْهِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ
فَقَالَ: أَتَانِي جَبْرِيلُ فَقَالَ: مَرَابْنُ عُوفٍ فَلِيَضْفِفَ الضَّيْفَ وَلِيَطْعَمَ الْمُسْكِينَ وَلِيَعْطِ
السَّائِلَ وَلِيَبْدأَ بِمَنْ يَعْوَلُ، فَإِنَّهُ إِذَا فَعَلَ ذَلِكَ كَانَ تَزْكِيَّةً مَا هُوَ فِيهِ
ضعيف جدا

أخرجه ابن سعد (3 / 131 - 132) والطبراني، وعنه أبو نعيم في "الحلية" (8 / 334) ومن طريق أخرى (1 / 99) والحاكم (3 / 311) والسياق له من طريق خالد بن يزيد بن أبي مالك عن أبيه عن عطاء بن أبي رباح عن إبراهيم بن عبد الرحمن بن عوف عن أبيه عن رسول الله صلى الله عليه وسلم أنه قال: فذكره، وقال: " صحيح الإسناد ". ورده الذهبي بقوله: " قلت: خالد ضعفه جماعة، وقال النسائي: ليس بثقة ".
وقال الحافظ: " ضعيف مع كونه فقيها، وقد اتهمه ابن معين

বাংলা

১৭৭২। হে ইবনু আউফ! তুমি তো ধনীদের অস্তর্ভুক্ত। আর তুমি হামাগুড়ি দেয়া ছাড়া জান্নাতে প্রবেশ করতে পারবে না। অতএব তুমি আল্লাহকে ঝণ প্রদান কর ফলে আল্লাহ তোমার দু'পাকে মুক্ত করে দিবেন। সে বললঃ আমি আল্লাহকে কি ঝণ প্রদান করব? তিনি বললেনঃ তুমি যার মধ্যে রয়েছ তা থেকে মুক্ত হয়ে যাও। সে বললঃ হে আল্লাহর রসূল! সব কিছু হতেই? তিনি বললেনঃ হ্যাঁ। এরপর ইবনু আউফ চিন্তিত অবস্থায় বের হয়ে গেলেন।

এ সময় রসূল সান্নাহিন আলাইহি ওয়াসান্নাম তার নিকট দৃত পাঠিয়ে বললেনঃ আমার নিকট জিবরীল (আঃ) এসে বললেনঃ আপনি ইবনু আউফকে নির্দেশ দিন সে যেন মেহমানদের মেহমানদারী করে, মিসকীনদের খাদ্য প্রদান করে, ভিক্ষুককে দান করে এবং সে যাদের দায়িত্বে আছে যেন তাদেরকে প্রদান করার দ্বারা গুরু করে। সে যদি এরূপ করে তাহলে তা, সে যার মধ্যে রয়েছে তাকে পবিত্রিকারী হয়ে যাবে।

হাদীসটি খুবই দুর্বল।

এটিকে ইবনু সাদ (৩/১৩১-১৩২), ত্বারানী, তার থেকে আনু নুয়াইম “আলহিলইয়্যাহ” গ্রন্থে (৮/৩৩৪) এবং অন্য সূত্রে (১/৯৯) ও হাকিম (৩/৩১) খালেক ইবনু ইয়ায়ীদ ইবনু আবু মালেক সূত্রে তার পিতা হতে, তিনি আতা ইবনু আবী রাবাহ হতে, তিনি ইবরাহীম ইবনু আব্দুর রহমান ইবনু আউফ হতে, তিনি তার পিতা হতে, তিনি রসূল সান্নাহিন আলাইহি ওয়াসান্নাম হতে বর্ণনা করেছেন যে, তিনি বলেনঃ ...।

হাকিম বলেনঃ হাদীসটির সনদ সহীহ।

আর হাফিয় যাহাবী তার প্রতিবাদ করে বলেছেনঃ বর্ণনাকারী খালেদকে একদল মুহাদিস দুর্বল আখ্যা দিয়েছেন।
নাসাঈ বলেনঃ তিনি নির্ভরযোগ্য নন।

হাফিয় ইবনু হাজার বলেনঃ তিনি ফকীহ হওয়া সত্ত্বেও দুর্বল। তাকে ইবনু মাট্টেন মিথ্যা বর্ণনা করার দোষে দোষী করেছেন।

হাদিসের মান: যঙ্গফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72655>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন